

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব সরদার নূর ইসলাম, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, খুলনা, ইতঃপূর্বে যশোর মুখ্য অঞ্চলাধীন বিকেবি, রূপদিয়া শাখায় ব্যবস্থাপক (মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও প্রতারণা / আত্মসাতমূলক অপরাধের জন্য ২৯/১৯-২০ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রঞ্জু করিয়া অত্র বিভাগের ০৭.১১.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৫ঃ৭ঃ১(শৃঙ্খলা)/২০১৯-২০২০/১৩০৭ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হইয়াছিল। আপনি উহার প্রাপ্তি স্বীকারপূর্বক জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের নিমিত্ত একটি তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব সরদার নূর ইসলাম আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(আ) প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ড প্রদান করা হইবে না-এই মর্মে অত্র বিভাগের ১৫.০৭.২০২১ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৫ঃ৭ঃ১(শৃঙ্খলা)/(১৯-২০)/২০২১-২০২২/১২১ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে আপনাকে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারি করা হইয়াছিল।

০৪। যেহেতু আপনি জনাব সরদার নূর ইসলাম ১২.০৮.২০২১ খ্রিঃ তারিখে উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও প্রতারণা/আত্মসাতমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব সরদার নূর ইসলাম আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১)(খ)(আ) প্রবিধি মোতাবেক আপনার প্রাপ্য অবসরান্তর সুবিধাদি হইতে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, রূপদিয়া শাখার প্রদেয় খাতে জমা করিবার জন্য আদেশ দিলেন।

০৬। উক্ত রায়ে কর্তৃপক্ষ নিম্নে বর্ণিত প্রশাসনিক নির্দেশ প্রদান করেছেনঃ

" অভিযুক্তের বিরুদ্ধে প্রমাণিত অভিযোগ সংশ্লিষ্ট ঋণ কেইসগুলোর অনাদায়ী টাকা সম্পূর্ণরূপে আদায় হয়ে ঋণ হিসাবসমূহ বন্ধ হয়ে গেলে উক্ত টাকা পরবর্তীতে অভিযুক্তকে ফেরত প্রদানের জন্য, আর যদি আগামী ৩১-০৮-২০২২ খ্রিঃ পর্যন্ত ঋণ হিসাবসমূহ বন্ধ না হয়, তাহলে উক্ত কর্তনকৃত টাকা বিকেবি, রূপদিয়া শাখার আয় খাতে জমা করার জন্যও আদেশ দেয়া হলো।"

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব সরদার নূর ইসলাম (এন-১১২১)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
খুলনা।

স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রউফ)
উপমহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩ঃ৫ঃ৭ঃ১(শৃঙ্খলা)/(১৯-২০)/২০২১-২০২২/ ২৩ ৬৮ (২)

তারিখঃ ১৫.০৩.২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা।
- ৫। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরি বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ৬। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(পেশন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। জনাব সরদার নূর ইসলাম এর প্রাপ্য অবসরান্তর সুবিধাদি হইতে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, রূপদিয়া শাখার প্রদেয় খাতে জমা করিবার জন্য অনুরোধ করা হইল।
- ৭। উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ (সেকশন-২), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপর্যুক্ত রায় মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ৮। উপমহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটের প্রাইভেট জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, খুলনা। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব সরদার নূর ইসলাম এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, যশোর। এছাড়া, উপর্যুক্ত রায় মোতাবেক বিকেবি, রূপদিয়া শাখা কর্তৃক যথাযথভাবে পরিপালন করার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হইল।
- ১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, যশোর। শাখা নিরীক্ষাকালীন সময়ে উপর্যুক্ত রায় মোতাবেক কর্তনের বিষয়টি শাখা কর্তৃক যথাযথ পরিপালিত হচ্ছে কিনা তাহা যাচাই করণের জন্য অনুরোধ করা হইল।
- ১৩। ব্যবস্থাপক, বিকেবি, রূপদিয়া শাখা, যশোর। উপর্যুক্ত রায় মোতাবেক জনাব সরদার নূর ইসলাম এর প্রাপ্য অবসরান্তর সুবিধাদি হইতে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা এককালীন কর্তন করিয়া শাখার প্রদেয় খাতে সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করিবার জন্য অনুরোধ করা হইল।
- ১৪। নথি/মূলনথি।

(আ খ ম আল কাউছার)
সহকারী মহাব্যবস্থাপক